

কলকাতা ও বাংলার যত ভালো জিনিষ তাই  
দেখব, শুনব, খাবো, ভুলে অপপ্রচারের বালাই!

সমস্যা সবই জানা, জটিলও বটে  
সমাধানের সাথে যেন আনন্দকে না হারাই!

চলো যাই নিকোপার্ক, সায়েন্স সেন্টার, সেন্ট-পলসে,  
চিড়িয়াখানা, মারবেল্ প্যালেস, বোটানিকাল গার্ডেন-এ।

ভিক্টোরিয়া মেমোরিয়াল, ইডেন গার্ডেনস্,  
কলকাতা মিউসিয়াম্, ফোর্টউইলিয়াম্।

কলকাতা ময়দান, রবীন্দ্রসদন, এ্যাকাডেমি অব ফাইন আর্টস  
নন্দন থিয়েটার, নেহেরু চিন্ত্রন মিউজিয়াম  
অরবিন্দ ভবন, বিড়লা সায়েন্স মিউজিয়াম্।

চলো কলামন্দিরে, নেতাজী ইন্ডোর স্ট্যাডিয়ামে,  
বিড়লা টেম্পেলে, রামকৃষ্ণ মিশনে।

চলো সুন্দর বনে, দীঘা-বকখালিতে  
দার্জিলিং, কালিম্পং, মিরিক্, জলপাইগুড়িতে।

বাঁকুরা-বীরভূমে, বোলপুর-শান্তিনিকেতনে,  
দুর্গাপুর-কল্যাণীতে -

হলদিয়া, পুরুলিয়া, বর্ধমান্, কাকদ্বীপে।

চলো বাঁশবেড়িয়ায়, দেবানন্দপুরে  
ফুলেশ্বর, রায়চক্, ক্যানিং, বাসন্তিতে।

চলো কোচবিহারে, মুর্শিদাবাদে,  
মেদিনিপুুরের গ্রামাঞ্চলে, কৃষ্ণনগরে।

## কলকাতা (Calcutta)

©Deepak Sarkar, Written on July, 1999, Redwood Shores, California

চলো কোলাঘাটে, নবদ্বীপ-মায়াপুরে -  
চন্দননগর, জম্বুদ্বীপ আর লক্ষীকান্তপুরে।

চলো বকেশ্বর, চলো তারাপীঠ,  
দক্ষিনেশ্বর, বেলুর মঠ, আর আদ্যাপীঠ।

গরম সিঙারা, হিংয়ের কচুরী,  
রাধাবল্লবী, গরম জিলিপী -

যতরকমের সন্দেশ, রসগোল্লা-দরবেশ,  
প্রাণহরা-মিষ্টিদই, বোদে-নিম্বকি কোথাও নেই।

ইলিসমাছ-রুইমাছ, বড়-ছোট কইমাছ,  
পাব্দা-ভেটকী, ট্যাংরা-পুটি, চিঙরী মাগুর মাছ।

এতরকমের রোল, ফুচকা চপ-কাটলেট,  
পিঠে-পায়েস, মুড়কী, চানাচুর, ঘুগ্নী-চানা, বিস্কুট।

সরোদ-সেতার কন্সার্ট, গীতি-নৃত্যনাট্য,  
নাটক-সিনেমা, কীর্তন-বাউলের গান।

এত রকমের ফল, এত রকমের ফুল,  
মনমাতানো গন্ধ-স্বাদ, বাধাহীন ভাবোচ্ছাস।  
দেখা হলে ভাই-বোন, দাদা-দিদি সম্বোধন,  
অতিথী(পথিক) যেখানে ষ্ট্রেন্জার নন,  
সুয়ং নারায়ণ।